R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD—4

শ্রীমুদ্রণীর নবপদক্ষেপ
শ্রীবন্ধু পলি প্রিণ্ট
মহাবীরতলা
জঙ্গীপুর ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৪৬৪৭/এসটিডি ০৩৪৮৩
বিড়ি, চানাচুর, পাউরুটি, মশলা প্রভৃতির প্লাস্টিক প্যাকেট ও লেবেল গ্রাভিয়ার মেসিনে ছাপানো হয়।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
২৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩০শে কার্তিক, বুধবার, ১৪০৬ সাল।
১৭ই নভেম্বর, ১৯৯৯ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## শিক্ষক নিয়োগ নিয়ে ডি আই-এর নির্দেশে শ্রীকান্তবাটী হাই স্কুলের বেতন বন্ধ, স্কুল কর্তৃপক্ষ আদালতের দ্বারস্থ

বিশেষ প্রতিবেদক : স্কুল সার্ভিস কমিশন থেকে পাঠান ফিজিক্যাল এডুকেশনের শিক্ষক সাগরদীঘি ব্লকের জিনদীঘি গ্রামের আবদুল কাদেরকে কাজে যোগ দিতে না দেওয়ায় শ্রীকান্তবাটী পি এস এস শিক্ষানিকেতনের শিক্ষক-অশিক্ষক কর্মীদের অক্টোবর মাসের বেতন বন্ধ করে দিলেন মুর্শিদাবাদের ডি আই। ইউনাইটেড ব্যাংক, রঘুনাথগঞ্জ শাখার ম্যানেজারকে এক চিঠিতে অক্টোবরের বেতন বন্ধের নির্দেশ দেন ডি আই অফ স্কুলস্। যদিও স্কুল কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন নির্দেশ আজ পর্যন্ত পাননি বলে জানান প্রধান শিক্ষক। এই প্রসঙ্গে জানা যায় স্কুল কর্তৃপক্ষ সার্ভিস কমিশনকে ওয়ার্ক এডুকেশনের শিক্ষকের আবেদন করলে সার্ভিস কমিশন ফিজিক্যাল এডুকেশনের শিক্ষক পাঠান, বিপত্তি এই নিয়েই। বর্তমানে ডি আই-এর এরূপ সিদ্ধান্তের প্রতিবাদে স্কুল কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। এ ব্যাপারে স্কুলের বামফ্রন্ট পরিচালিত ম্যানেজিং কমিটি থেকে জেলার এবিটিএ-র কর্মকর্তারাও স্কুল কর্তৃপক্ষের সিদ্ধান্তের সঙ্গে সহমত পোষণ করেছেন। ঘটনায় প্রকাশ, শ্রীকান্তবাটী স্কুল কর্তৃপক্ষ গত সেপ্টেম্বর '৯৮ এ অবসর নেওয়া শিক্ষিকার স্থলে ডি আই অফিসে ওয়ার্ক এডুকেশনের শিক্ষক চেয়ে আবেদন করেন। স্কুলের প্রধান শিক্ষক মুক্তিপদ দাসের মতে, ডি আই অফিস ওয়ার্ক এডুকেশন/ফিজিক্যাল এডুকেশন গ্রুপের শিক্ষকের পদ শ্রীকান্তবাটী স্কুলে খালি দেখিয়ে সার্ভিস কমিশনের কাছে শিক্ষক চেয়ে পাঠালে কমিশন ফিজিক্যাল এডুকেশনের শিক্ষক পাঠান। ডি-আই-এর এরূপ হঠকারী সিদ্ধান্ত ও খামখেয়ালী আচরণের নিন্দা করেন স্কুল কর্তৃপক্ষ। এ ব্যাপারে এলাকার কংগ্রেস বিধায়ক মহঃ সোহরাব সার্ভিস কমিশন থেকে পাঠানো শিক্ষককে নিয়ে নিতে অন্যায় অনুরোধ করেন বলে প্রধান শিক্ষক মুক্তিবাবু জানান। মহঃ সোহরাব আমাদের প্রতিনিধিকে জানান, বিধানসভাতেই শিক্ষামন্ত্রী বলেছেন, সার্ভিস কমিশন থেকে পাঠানো শিক্ষককে স্কুল কর্তৃপক্ষ যোগদান করতে না দিলে আইনতঃ সেই (শেষ পৃষ্ঠায়)

## সাংসদ ও বিধায়কের মদতে প্রশাসনের অনুমতি ছাড়াই জালসা হয়ে গেল

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা থানার বেনিয়াগ্রাম অঞ্চলে পুরোনো জায়গায় প্রশাসন থেকে জালসার অনুমতি দিলে সেখানে না করে দুশো গজ দূরে সরকারী অনুমতি ছাড়াই বেনিয়াগ্রাম অঞ্চলের কুঠিরহাটে গত ৫ ও ৬ নভেম্বর জালসা হয়ে গেল। ঐ স্পর্শকাতর এলাকায় জালসা পরিচালনার পিছনে মদত জুগিয়েছেন এলাকার বিধায়ক ও জঙ্গিপুরের সাংসদ বলে জানা যায়। এ প্রসঙ্গে ফরাক্কার বিধায়ক মাইনুল হককে প্রশ্ন করলে উনি বলেন জালসা নির্বিঘ্নে শেষ হয়েছে। ঐ এলাকায় যাতে জালসা না হয় তার জন্য বিজেপি ও বিশ্ব হিন্দু পরিষদ থেকে আপত্তি জানানো হয়েছিল। প্রশাসনও সে কারণে অনুমতি দেয়নি।

## লালখানদিয়ার পোষ্ট অফিসের অবৈধ নিয়োগ বাতিল

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত লালখানদিয়ার পোষ্ট অফিসে একজন ইডি পোষ্টম্যানকে নিয়োগ নিয়ে গ্রামবাসীরা যে অভিযোগ তোলেন তা তদন্ত সাপেক্ষে বাতিল বলে গণ্য হয়েছে। ঐ অবৈধ নিয়োগকে কেন্দ্র করে ৫২ জন গ্রামবাসী এক অভিযোগ-পত্র জমা দেন ডিষ্ট্রিক্ট (শেষ পৃষ্ঠায়)

## গিরিয়া গ্রাম পঞ্চায়েতে তিন সি পি আই (এম) সদস্য কংগ্রেসে

নিজস্ব প্রতিনিধি : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের গিরিয়া গ্রাম পঞ্চায়েতের সি পি এম দলনেতা এরফান আলিসহ আরও দুই সি পি এম সদস্য নবিরুল ইসলাম ও হামদুল হক পাঁচশো সমর্থকসহ গত ১৪ নভেম্বর কংগেসে যোগদান করেছেন। এক স্বাক্ষরিত বিবৃতিতে পদত্যাগী এই (শেষ পৃষ্ঠায়)

## মাকে দাহ করতে এসে ভাগীরথীতে পুত্রের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : গত ১০ নভেম্বর মাকে দাহ করতে এসে পুত্র সত্যেন কর্মকার (২৫) ভাগীরথীতে ডুবে মারা গেলেন। সংবাদে প্রকাশ, রঘুনাথগঞ্জ ১নং ব্লকের সিদ্ধিকালী গ্রামের শিশির কর্মকারের স্ত্রী দীর্ঘ রোগ-ভোগের পর মারা যান। ১০ নভেম্বর রঘুনাথগঞ্জ মহাশ্মশানে মাকে দাহ করতে নিয়ে এসে সত্যেন ভাগীরথী নদীতে স্নান করতে নেমে আর উঠেননি। শবযাত্রীরা সত্যেনের কোন সন্ধান করতে না পেরে শেষে তার মাকে দাহ করে গ্রামে ফিরে যান। পরদিন পর্যন্ত সত্যেনের দেহ উদ্ধার হয়নি।

বাজার হতে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩০শে কার্ত্তিক বুধবার, ১৪০৬ সাল।

## ॥ অবশ্য করণীয় ॥

পাকিস্তানে ফৌজি শাসনকালে যে কাণ্ড-কারখানা চলিতেছে, তাহাতে রাষ্ট্রসঙ্ঘ, আমেরিকা ও ভারতের নূতন ভাবনাচিন্তার সময় আসিয়াছে। পাক জঙ্গী, তালিবান যোদ্ধা ও লস্কর-ই-তোইবা হাত-পা ধুইয়া লাগিয়া পড়িয়াছে। ইসলামাবাদ পাকিস্তানের রাজধানী। সেখানকার সুরক্ষিত কূটনৈতিক এলাকায় মার্কিন সরকার ও রাষ্ট্রসঙ্ঘের অফিসগুলির সামনে বিস্ফোরণ ও আক্রমণের অনুষ্ঠানকে জঙ্গিপনার চরম উদাহরণ বলা যাইতে পারে।

পাক ফৌজি শাসক মুখে 'শান্তি চাই' বলিয়া সোচ্চার হইলেও ভারতের প্রতি তাঁহার আচরণের নমুনা তাহা প্রমাণ করে না। এই নভেম্বর মাসেই জঙ্গী ও পাক-সৈন্যদের ভারতের সেনাশিবিরে বেশ কয়েক-বার আক্রমণের ফলে ভারতের একাধিক সামরিক অফিসার এবং জওয়ান নিহত হইয়াছেন। বাদামিবাগ ক্যান্টনমেন্টে আক্রমণ চালাইয়া পাকসৈন্য ও জঙ্গীরা সামরিক অফিসার পি. পুরুষোত্তমকে হত্যা করিয়াছে। গুলমার্গের নিকট এক ভারতীয় ছাউনিতে পাক আক্রমণে ক্যাপ্টেন জে এস সুরি ও কিছু জওয়ান নিহত হইয়াছেন। জম্মু ও কাশ্মীরের বিভিন্ন সেকটরে ভারতীয় সেনাশিবিরে বিনা প্ররোচনায় আক্রমণ করা হইতেছে এবং উচ্চপদস্থ সামরিক অফিসার ও জওয়ানদের নির্বিচারে হত্যা করা হইতেছে। চোরা-গোপ্তা আক্রমণের বিরাম নাই।

এইত গেল সরাসরি হামলা। দ্বিতীয় প্রকার হইতেছে গুপ্ত অন্তর্ঘাত। নানাস্থানে বিস্ফোরণ ঘটাইয়া হত্যালীলা চালান হইতেছে। সম্প্রতি পূজা এক্সপ্রেসের একটি কামরায় বিস্ফোরণ ঘটাইয়া ১৪ জন জওয়ানের প্রাণ লওয়া হইয়াছে। গাইসাল ট্রেন দুর্ঘটনায় ৯০ জন জওয়ান নিহত হন। নানা স্থানে বিস্ফোরণ ঘটাইয়া ভারতীয় জওয়ানদিগকে খতম করিবার লক্ষ্য স্থির করিয়াছে পাকসেনা ও জঙ্গীরা। তাহারা জানে ভারতের সেনাবাহিনীর সঙ্গে সরাসরি লড়াইয়ে তাহারা কোনওদিনই পারিবে না।

ভারতের প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা যায় যে, ভারতীয় সামরিক বাহিনী নাকি এক 'রক্তাক্ত শীতের' প্রতীক্ষায় রহিয়াছেন। ইহার নির্গলিতার্থ এই যে, শীত জাঁকিয়া বসিলে হয়ত ভারতীয় সামরিক বাহিনী অভিযানে নামিবেন। ভারতীয় সেনাবাহিনীর 'অপারেশন রক্ষক', 'অপারেশন মেঘদূত', 'অপারেশন রাইনো' ইত্যাদির কথা আমরা জানি। কিন্তু পাক জঙ্গী. তালিবান যোদ্ধা ও লস্কর-ই-তোইবার পক্ষ হইতে যে আঘাত ভারতীয় বাহিনীর উপর হানা হইতেছে, তাহার উপযুক্ত মোকাবিলা কীভাবে হইবে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে আমেরিকা, ইংলণ্ড, ফ্রান্স প্রমুখ দেশসমূহ ও রাষ্ট্রসঙ্ঘ এই অহেতুক হানাদারি সম্বন্ধে কী ব্যবস্থা গ্রহণ করিবে, তাহাই দেখার।

পাক ফৌজি শাসক পাকিস্তানকে কমনওয়েলথ ছাড়া করিলেন। ভারতের সঙ্গে তিনি বৈরিতা চাহেন না, শান্তি চাহেন বলিয়াছেন। তবে তাঁহার কথায় ও কাজে (পাকজঙ্গীর ভারত আক্রমণে নীরব সম্মতি) আসমান-জমিন ফারাক। ভারতের প্রতি-রক্ষা মন্ত্রীকে দেশের নিরাপত্তা সুনিশ্চিত করিতে হইবে, ভারতীয় সেনা-ছাউনিতে বার বার আক্রমণের উপযুক্ত জবাব দিতে হইবে; সামরিক গোয়েন্দা বিভাগকে অধিকতর তৎপর হইতে হইবে।




৺বিজয়া ও দীপাবলীতে শ্রীবাতুলের শুভেচ্ছা—"সর্বেষাং মঙ্গলং ভূয়াৎ, সর্বে সন্তু নিরাময়াঃ"

* *

লোকসভা ভোট সম্বন্ধে শ্রীবাতুলোবাচ
—হল লোকসভা ভোট,
কংগ্রেস-সিপিএম পাকাল কত না ঘোট;
শাসনক্ষমতা পেল আবার বিজেপি-জোট।

* *

পাকিস্তানের বর্তমান ফৌজি শাসক গদিচ্যুত পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে হত্যার চক্রান্তে অভিযুক্ত করছেন বলে খবর।

—পাক-ফৌজির পাকচক্রে না-পাক ব্যবস্থা পাক করা কঠিন।

* *

খবরে প্রকাশ, আবহাওয়াবিদদের ধারণা এই যে, পাকিস্তান থেকে 'পশ্চিমী ঝঞ্ঝা' পূর্বদিকে ছুটে এসে বাধার সৃষ্টি করায় ওড়িশায় সাম্প্রতিক ঘূর্ণিঝড় এমন দাপুটে ও দীর্ঘস্থায়ী হয়েছিল।

—একদিকে পাক ফৌজি ও জঙ্গীদের সঙ্গে প্রকৃতিরও রুদ্ররোষ!

* *

## ব্যাঙ্কের সামনে থেকে হাড়োয়া স্কুলের ৩৫ হাজার টাকা চুরি

নিজস্ব সংবাদদাতা: গত ৬ নভেম্বর ইউনাইটেড ব্যাঙ্কের রঘুনাথগঞ্জ শাখার সামনে রাস্তা থেকে বেলা ১২ টার সময় ৩৫ হাজার টাকা চুরি হয়ে যায়। হাড়োয়া স্কুলের কর্মী মনিরুদ্দিন সেখ ঐ দিন ব্যাঙ্ক থেকে প্রায় ৫৭ হাজার টাকা তোলেন শিক্ষক-অশিক্ষক কর্মীদের বেতন বাবদ। ব্যাঙ্কেই তিন শিক্ষককে প্রায় ২২ হাজার টাকা দিয়ে বাকী ৩৫ হাজার টাকা মোটর সাইকেলের টুলবক্সের ভিতর রেখে ব্যাঙ্ক সংলগ্ন চায়ের দোকানে চা খেয়ে পাশের দোকান থেকে একটা সাবান কিনে ঘুরেই দেখেন তার টুলবক্স খোলা। টাকার বাণ্ডিল সমেত জরুরী কাগজপত্রের প্যাকেটটিও উধাও। পাশে বসে থাকা এক কাপড়ের হকারকে সন্দেহ করলেও টাকার আর কোন হদিস পান না। রঘুনাথগঞ্জ থানায় একটি ডাইরী করেন বলে মনিরুদ্দিন জানান। ফুলতলা এলাকায় সম্প্রতি এ ধরনের চুরি ছিনতাই-এর ঘটনা বেড়েই চলেছে বলে এলাকার মানুষ ও ব্যবসায়ীরা জানান।

### ছ' দিনের আবাসিক কর্মশালা

নিজস্ব সংবাদদাতা: গত ৭ নভেম্বর প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের উদ্দেশ্যে স্থানীয় ভাগীরথী লজে জঙ্গিপুর মহকুমায় আটটি চক্রের নির্বাচিত শিক্ষক ও অবর বিদ্যালয় পরিদর্শকদের পেডাগজি ট্রেনিং দেন জেলার মুখ্য সম্পন্ন ব্যক্তিরা। জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প বা ডিপিইপি ও জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের যৌথ ব্যবস্থাপনায় 'একটিভিটি' ভিত্তিক এই প্রশিক্ষণ হয়। যাঁরা ট্রেনিং নিলেন তাঁরা সম্পন্ন ব্যক্তি বা আর পি হিসাবে ক্রমান্বয়ে সমস্ত প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের এলাকাভিত্তিক শিক্ষা শিবির করে প্রশিক্ষণ দেবেন। বর্তমান প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় গতিসঞ্চার করে শিশুর পঠন-পাঠন আনন্দময় করে তুলতে এবং সকলে শিশুকে বিদ্যালয়মুখী করে চার বছর ধরে রাখতে এই অভিমুখীকরণ শিক্ষণ শিবির।

---

মাননীয়া রেলমন্ত্রী শালিমার-হলদিয়া আজাদ এক্সপ্রেস চালু করলেন। —খবর।

—উই কানট্ সাপ্রেস বাট্ এক্সপ্রেস আওয়ার গ্র্যাটিটিউড্।

* *

পাক আই এস আই-এর মত ভারতীয় আই এস আই হয় না? —প্রশ্ন।—

—হ্যাঁ, হয়। তাকে বলা হবে ইণ্ডিয়ান সিক্রেট ইনটেলিজেন্স।

## DEPARTMENT OF TELECOMMUNICATION
## Office of the
## Sub-Divisional Engineer, Telecom
**RAGHUNATHGANJ, MURSHIDABAD**

Services of DIRECTORY ENQUARY No. 197 is centrally available from Berhampur for the subscriber of Raghunathganj Telecom Sub-Division w. e. f. 16. 11. 99 and local enquary service is now available on Telephone No. 66197.

The following public utility nos. are also available on the following code.

1) For Hospital—102
2) For Police Station—100
3) For Railway Station—131

Sd/-

( Md. S. A. Biswas )
Sub-Divisional Engineer, Telecom
Raghunathganj, Murshidabad

No. G—13/99-2000/28 Dated 15. 11. 99


যেখানে গ্যারেন্টি নেই
সেখানে আপনার কষ্টার্জিত টাকার
কোনই নিরাপত্তা নেই

অযথা লোভের ফাঁদে পা দেবেন না
অতীতের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিন

**ডাকঘরে টাকা রাখুন**

ডাকঘর স্বল্পসঞ্চয় প্রকল্পে রয়েছে

- আপনার টাকার ষোল আনা নিরাপত্তা
- সুদ এখনও যথেষ্ট বেশি
- আয়কর ছাড়ের সুবিধা
- মেয়াদ শেষে সম্পূর্ণ টাকা ফেরৎ পাওয়ার গ্যারেন্টি
- প্রয়োজনে মেয়াদ শেষ হওয়ার আগে টাকা তুলে নেবার সুবিধা
- নমিনেশনের সুবিধা
- এছাড়াও আরও অনেক সুবিধা

ডাকঘরে কোন প্রকল্পেই উৎসমূলে আয়কর কাটা হয় না

সাধারণ মানুষের কাছে স্বল্পসঞ্চয়ের কোন বিকল্প নেই

বিশদ জানতে হলে নিচের ঠিকানায় পোষ্টকার্ডে লিখুন :
অধিকর্তা, স্বল্পসঞ্চয়, রাইটার্স বিল্ডিংস, কলিকাতা - ১

স্বল্পসঞ্চয় অধিকার
পশ্চিমবঙ্গ সরকার


## লঞ্চের উত্তাল ঢেউয়ে ভাগীরথীতে যাত্রীরা নাজেহাল

জঙ্গিপুর : গত ১১ নভেম্বর সকাল সাড়ে নয়টা নাগাদ ভাগীরথী দিয়ে অতিদ্রুত গতিতে একটি লঞ্চ চলে যাওয়ায় অস্বাভাবিক ঢেউয়ের সৃষ্টি হয়। এর ফলে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের সমস্ত স্নানের ঘাটে স্নানার্থীদের বিপদের সম্মুখীন হতে হয়। কেউ জল খেয়ে, কেউ জলের ধাক্কায় পাথরে চোট খেয়ে বাঁচে। জঙ্গিপুর সদরঘাটে এই সময় ব্যবসায়ী, সাধারণ মানুষ, প্রাইভেট ফেরৎ ছাত্র-ছাত্রীদের অস্বাভাবিক ভিড় ছিল। ইজারাদারের কোন ভূমিকা থাকে না শুধু অতিরিক্ত পয়সা আদায় ছাড়া। এই সময় ঢেউ-এর ধাক্কায় সদরঘাটের জঙ্গিপুর পারে একটি ফেরী নৌকা যাত্রী সমেত উল্টে যায়। সেই নৌকায় আটটি সাইকেলসহ একুশজন যাত্রী ছিল। উপস্থিত যাত্রী এবং মাঝিদের তৎপরতায় সকলেই প্রাণে রক্ষা পান। দুটি শিশু প্রচুর জল খায়। তাদের সম্বিত আসতে বেশ সময় লাগে। রঘুনাথগঞ্জ পারেও একটি ফেরী জোরে ডাঙ্গায় ধাক্কা খেলে অনেক যাত্রী জলে পরে যান। তার মধ্যে প্রাইভেট ফেরৎ দুটি সাইকেল সমেত ছাত্রীও ছিল। জানা যায় লঞ্চটি পোর্টট্রাষ্টের। বহরমপুর থেকে সিমেন্ট নিয়ে ফারাক্কা যাচ্ছিল। শহরের দুটি ফেরীঘাটের সামনে দূরে থেকে সঙ্কেত দেয়ার যে নিয়ম তাও মানা হয়নি। এ ব্যাপারে ঊর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

### ব্রতচারী প্রদর্শনী

সাগরদীঘি : ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মণ্ডলী স্থানীয় অগ্নিবীণা সব পেয়েছির আসর এর মাধ্যমে গত ২৬ অক্টোবর থেকে ৬ নভেম্বর বার দিন ব্রতচারী প্রশিক্ষণের আয়োজন করেন। গ্রামাঞ্চল থেকে আসা ১৪৬ জন ছাত্র-ছাত্রীদের ১০ জন প্রশিক্ষক প্রশিক্ষণ দেন। শেষ দিন ৬ নভেম্বর সকালে পোপাড়া পূর্ব প্রাথমিক বিদ্যালয় থেকে এক শোভাযাত্রা সাগরদীঘি প্রদক্ষিণ করে হাই স্কুল মাঠে শেষ হয়। এখানে এক প্রদর্শনী অনুষ্ঠানে সভাপতি ও প্রধান অতিথি ছিলেন হৃদয়রঞ্জন কাব্যতীর্থ ও অমলেন্দু মাজি। বিশেষ অতিথি ছিলেন উমাশঙ্কর ভট্টাচার্য্য ও কমলারঞ্জন প্রামাণিক। প্রশিক্ষণের প্রধান মণীন্দ্র কোল্লা প্রথম পর্বে গুরুজী বন্দনা, মন্ত্র উচ্চারণ, ভক্তিগ্রহণ প্রতিজ্ঞা, দ্বিতীয় পর্বে বাংলার প্রবাদ পুরুষ গুরুসদয় দত্তের ব্রতচারী নৃত্য ৩য় পর্বে শ্রীহট্ট থেকে সংগৃহীত ধামার নাচ, বাউল, রাইবেশে ইত্যাদি পরিবেশন করা হয়। সাগরদীঘির ওসি প্রদীপ চক্রবর্ত্তী ঐ অনুষ্ঠানে উপস্থিত থেকে এই ধরনের প্রশিক্ষণ ও কর্মধারা প্রতি গ্রামে হওয়া প্রয়োজন বলে মন্তব্য করেন।


## পাকা বাড়ী বিক্রী

জঙ্গীপুর রেলওয়ে ষ্টেশনের সন্নিকটে ঘোড়শালা গ্রামে ঢুকতে ১৫ শতক জায়গার উপর চারখানা ঘর, দুটি রান্নাঘর, স্যানিটারী পায়খানা, চারদিক পাকা প্রাচীর দিয়ে ঘেরা ইলেকট্রিক লাইটযুক্ত একটি বাড়ী বিক্রী হবে। যোগাযোগের ঠিকানা :—

বীরেন্দ্রকুমার দাশ
এম আই জি ( ইউ )
২/১২, বিরাটী হাউসিং এষ্টেট
এম, বি, রোড
পো: নিমতা, কলিকাতা ৪৯
ফোন : ০৩৩/৫৩৯-৫০৮৪

## মুখোমুখি বাস-লরি সংঘর্ষে জখম বহু

নিজস্ব সংবাদদাতা : গত ১৬ নভেম্বর বহরমপুর—মালদা রুটের 'বিশ্বাস ট্রাভেলস্' বাস ও একটি লরির মুখোমুখি সংঘর্ষে বহু যাত্রী জখম হয়েছেন। খবর, ঐ দিন সকালে বাসটি রঘুনাথগঞ্জ থেকে ছেড়ে মালদার দিকে যাবার পথে সুতী থানার ধলার মোড়ে ৩৪নং জাতীয় সড়কে এই দুর্ঘটনা ঘটে। লরিটির সামনের চাকা খুলে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে বাসটিকে দ্রুতগতিতে সামনাসামনি ধাক্কা মারে। বাস ও লরির কেবিন ভেঙ্গে চুরমার হয়। ২ জন যাত্রী-সমেত বাস ও লরির চালককে আশঙ্কাজনক অবস্থায় জঙ্গিপুর থেকে বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। একজনের পায়ে সাংঘাতিক আঘাত লাগায় পা বাদ দিতে হয়েছে বলে জানা যায়। ২০ জন যাত্রীকে প্রাথমিক চিকিৎসার পর জঙ্গিপুর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয় এবং প্রায় ২৫ জনকে ভর্তি করে নেওয়া হয়।

## জঙ্গিপুর কলেজ চত্বরে মদ্যপ জুয়ারীদের আড্ডা

নিজস্ব সংবাদদাতা : প্রাচীরবিহীন জঙ্গিপুর কলেজ চত্বর বর্তমানে মাতাল ও জুয়ারীদের আখড়া হয়ে দাঁড়িয়েছে। একজন নাইট গার্ড নিযুক্ত থাকলেও এর কোন প্রতিবিধান হয়নি। গত ২৫ অক্টোবর কয়েকজন মদ্যপ জুয়ারী কলেজ চত্বরে জুয়ার আসর বসায়। ২৬ অক্টোবর কয়েকজনের অভিযোগ মতো অধ্যক্ষ আবু এল শোকরানা মণ্ডল স্থানীয় থানায় এক লিখিত অভিযোগ দেন। কলেজের সুবর্ণ জয়ন্তী বর্ষে কলেজ চত্বরে এই ধরনের অসামাজিক ক্রিয়াকলাপ সুস্থ মানুষ কোন মতেই মেনে নিতে পারছেন না।

### *পোষ্ট অফিসের অবৈধ নিয়োগ বাতিল* ( ১ম পৃষ্ঠার পর )

সুপারকে। অভিযোগে বলা হয় গিরিয়া গ্রাম পঞ্চায়েতের লবণচোয়া গ্রামের প্রাণকৃষ্ণ দাসকে ঐ পদে অবৈধভাবে নিয়োগ করা হয়েছে। যদিও পোষ্ট অফিসের নিয়ম মতো ঐ পদের প্রার্থীকে অবশ্যই এলাকার লোক হতে হবে। গত ৩০ অক্টোবর অভিযোগের তদন্তে আসেন ডাক বিভাগের মুর্শিদাবাদ ডিভিশনের সুপারিন্টেডেন্ট অম্বুজাক্ষ মুখার্জী। তদন্তে জানা যায়, নিয়োগ কর্তা স্থানীয় ডাক বিভাগের ইন্সপেক্টরের কোন ত্রুটি পাননি। কারণ, সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের সিপিএম প্রধান শচীন দাস ঐ ব্যক্তিকে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের অধিবাসী হিসাবে যে পরিচয়পত্র দেন নিয়োগ তারই ভিত্তিতে হয়। শেষ পর্যন্ত ঐ প্রধান নিজের ভুল স্বীকার করায় প্রাণকৃষ্ণর নিয়োগ বাতিল বলে গণ্য হয়।

### স্কুল কর্তৃপক্ষ আদালতের দ্বারস্থ ( ১ম পৃষ্ঠার পর )

স্কুলের বেতন বন্ধ হয়ে যাবে। এই প্রসঙ্গে জানা যায়, নতুন শিক্ষক আবদুল কাদের গত জুন/জুলাই মাসে যোগদান করতে এসে ফিরে গেলে ডি আই অফিস থেকে দু' জন প্রতিনিধি ঘটনার তদন্তে এলে স্কুল কর্তৃপক্ষের দাবী ন্যায়সঙ্গত হলেও ঐ শিক্ষককে যোগদান করতে দিতে স্কুল কর্তৃপক্ষকে অনুরোধ করেন প্রতিনিধি দল। স্কুলের প্রধান শিক্ষক আরও বলেন, মহকুমার অন্য দুটি স্কুলে এরূপ ঘটনা ঘটলেও সেখানে ঝামেলা বাধেনি। একমাত্র ডি আই-এর একগুঁয়েমীর জন্য আমরা আদালতে যেতে বাধ্য হ'লাম। উদাহরণ হিসাবে মুক্তিবাবু বলেন, রঘুনাথগঞ্জ-১নং ব্লকের মির্জাপুর হাই স্কুলে একই পদে দু' জন শিক্ষককে কমিশন পাঠালে স্কুলের আপত্তিতে একজন শিক্ষক ফিরে যান ডি আই অফিসে সংশোধনের জন্য। তা হয়েও যায়। আবার সাগরদীঘি ব্লকের বালিয়া হাই স্কুলে আমাদের স্কুলের মতোই ভুল পদে শিক্ষক পাঠালে ডি আই স্কুলের অনুরোধে তা প্রত্যাহার করে নেন। তাহলে শ্রীকান্তবাটী স্কুলের ক্ষেত্রে এরূপ আচরণ কেন তা প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকরা ভেবে পাচ্ছেন না। ফলে বর্তমানে এরূপ ঝমেলায় স্কুলের পঠন-পাঠনে স্বভাবতই ব্যাঘাত ঘটছে বলে শিক্ষানুরাগী মহল আশংকা প্রকাশ করেন।

### *তিন সি পি আই (এম) সদস্য কংগ্রেসে* (১ম পৃষ্ঠার পর)

তিন পঞ্চায়েত সদস্য জানিয়েছেন, দলের অগণতান্ত্রিক, জনস্বার্থ-বিরোধী, দুর্নীতিপরায়ণ নেতাদের স্বজনপোষণ ও বেআইনী কার্যকলাপে বীতশ্রদ্ধ হয়ে সিপিএম ত্যাগ করেছেন। স্থানীয় কংগ্রেস বিধায়ক হাবিবুর রহমানের নেতৃত্বের প্রতি আস্থা প্রকাশ করে তারা জাতীয় কংগ্রেসে যোগ দিয়েছেন।

আপনাদের সেবায় দীর্ঘদিন যাবৎ নিয়োজিত—

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

*ফুলতলা ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ*

*( সবজী বাজারের বিপরীত দিকে )*

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক *ডাঃ গোপাল সাহা*

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস ) ( স্ত্রী ও শিশুরোগ বিশেষজ্ঞ )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফাষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।

*সকলকে অভিনন্দন জানাই—*

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

*( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )*

*রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০*

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

*ফোন নং—৬২০২৭*



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

*বিশেষ সরকারী ছাড় ২০%*

*(১লা সেপ্টেম্বর থেকে ৩০শে নভেম্বর পর্যন্ত)*

✪ *সততাই আমাদের মূলধন* ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ চাউলপট্টি, ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।